

নেত্রকোণায় শিক্ষককে হত্যা

প্রতিনিধি, নেত্রকোণা

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনের ঘন্ডে নিজ বিদ্যালয়ের সন্নিহিত দুর্ভঙ্গের হামলায় খুন হয়েছেন নেত্রকোণার বারহাটা মনাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অর্জুন বিশ্বাস (৪২)। গতকাল সকাল পৌনে ১০টার দিকে এ ঘটনা ঘটে। তিনি রামপুর দশাল গ্রামের ক্ষিতিশ বিশ্বাসের ছেলে। এ ঘটনায় শিক্ষক ও স্থানীয়দের মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পুলিশ দুপুরে এলাকায় অভিযান চালিয়ে ঘটনায় জড়িতদের মধ্যে স্কুলের ম্যানেজিং কমিটির সদস্য ফোয়াদ খান বাবুলকে গ্রেফতার করে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মনাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কয়েকমাস পূর্বে ম্যানেজিং কমিটির সভাপতির পদ নিয়ে প্রধান শিক্ষকের সাথে স্কুল কমিটির সদস্য ফোয়াদ খান বাবুল ও স্থানীয় ইউপি মেম্বার কাশেমের ভাই কালাচাঁনের বিবাদ ঘটে। এর জের ধরে পোয়াদ এবং কালাচাঁন শিক্ষককে হুমকি প্রদান করেন। নিহতের ভাই ছোট কাজল জানান, গত মঙ্গলবার রাতে মোবাইল ফোনে শিক্ষককে : পৃষ্ঠা : ১৫ ক : ৬

শিক্ষককে : হত্যা (১ম পৃষ্ঠার পর)

প্রধান শিক্ষকের কাজ কর্ম ভাল না বলে হুমকি প্রদান করে। এরপর গতকাল নিজ বাড়ি রামপুর দশাল থেকে সকাল ৯টার দিকে মোটরসাইকেলযোগে বাড়ি ভাই স্কুলে রওনা দেন। সকাল পৌনে ১০টার দিকে স্কুলে পৌঁছার পূর্বেই পূর্ব থেকে গুতপেতে থাকা কালাচাঁন ও ফোয়াদ লোকজন নিয়ে কুপিয়ে গুরুতর জখম করে। খবর পেয়ে স্কুলের শিক্ষক ও অন্যান্য দ্রুত বারহাটা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। স্কুলের সহকারী শিক্ষক শহিদুল হক ডাসানী জানান, এমন নৃশংস ঘটনার দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। এ ঘটনায় সকাল থেকেই শিক্ষক ও স্থানীয়দের মাঝে কোভের সৃষ্টি হওয়ায় বারহাটায় বিস্ফোড মিছিল বের করেন শিক্ষক, ছাত্র, অভিভাবকরা। হাসপাতাল চত্বরেও নিহতের স্বজন ও স্থানীয়রা আসামি না ধরা পর্যন্ত বিস্ফোড চালিয়ে যাওয়া এবং লাশ বাড়িতে নেবে না বলে আন্টিমোটাম দেন। পরবর্তীতে দুপুরে পুলিশের অভিযানে স্কুল কমিটির সদস্য ফোয়াদ খান বাবুলকে গ্রেফতার করা হয়। বারহাটা থানার ওসি সালেমুজ্জামান জানান, মনাস প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি পদ নিয়ে স্থানীয় কাশেম মেম্বারের ছোট ভাই কালাচাঁন ও বাবুলদের সাথে বিরোধ চলে আসছিল। এরই জের ধরে এ ঘটনা ঘটে। এ ব্যাপারে নেত্রকোণার অতিরিক্ত পুলিশ সুপার হাবিবুর রহমান প্রাথমিক জানান, ঘটনার মূলহোতা বাবুলকে গ্রেফতার করা হয়েছে। অচিরেই বাকিরা ধরা পড়বে।